ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৯২

বিলোনীয়া, ৭ আগস্ট, ২০২৫

**দক্ষিণ ত্রিপুরা জেলায় ৭টি ধানক্রয় কেন্দ্র থেকে ধান ক্রয় করা হবে**

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সহযোগিতায় চলতি রবি মরশুমে দক্ষিণ ত্রিপুরা জেলার মোট সাতটি ধানক্রয় কেন্দ্রে কৃষকদের কাছ থেকে কুইন্টাল প্রতি ২৩০০ টাকা ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হবে। ইতিমধ্যে গতকাল থেকে ধানক্রয় শুরু হয়েছে বিলোনীয়ার রাজনগর নিউমোটর স্ট্যান্ডে, সাব্রুমের ব্রজেন্দ্রনগর এইচ এস স্কুল এবং শান্তিরবাজারের জোলাইবাড়ি মোটর স্ট্যান্ডে। ১২ আগস্ট থেকে শুরু হবে বিলোনীয়া কোল্ড স্টোরেজে, ১৪ আগস্ট থেকে শুরু হবে বকাফার বেতাগা এগ্রিগোডাউনে এবং ১৬ আগস্ট থেকে শুরু হবে বিলোনীয়ার লক্ষীপুর ভি এল ডব্লিও স্টোরে এবং সাব্রুমের রাজীবনগর এইচ এস স্কুলে। বিলোনীয়াস্থিত কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উপ অধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****